রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ৬, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/১১ বৈশাখ, ১৪২১

**নং ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৯০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটি** এবং **এর নির্বাহী কমিটি** নিম্নরূপভাবে গঠন করেছে ঃ

(ক) **মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটি**

**১। কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী | চেয়ারপারসন |
| (২) | মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ভাইস-চেয়ারপারসন |
| (৩) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| (১১) | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |


**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১২) | সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) | সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা | সদস্য |
| (১৪) | সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন | সদস্য |
| (১৫) | ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, মতিঝিল, ঢাকা | সদস্য |
| (১৬) | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা | সদস্য |
| (১৭) | সভাপতি, এফবিসিসিআই, ঢাকা | সদস্য |
| (১৮) | সভাপতি, হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতি | সদস্য |
| (১৯) | সভাপতি, বাংলাদেশ ফিস এন্ড শ্রিম্প ফাউন্ডেশন, গুলশান, ঢাকা | সদস্য |
| (২০) | সভাপতি, জাতীয় চিংড়ি চাষি সমিতি | সদস্য |
| (২১) | সভাপতি, বাংলাদেশ মেরিন ফিশারিজ এসোসিয়েশন | সদস্য |
| (২২) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কমিটির কার্যপরিধি ঃ**

(ক) মৎস্য ও চিংড়ি সম্পদ উন্নয়ন বিষয়ক সার্বিক নীতি নির্ধারণ;

(খ) পরিবেশ সম্মত ও লাগসই প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অধিক পরিমাণে নিরাপদ মাছ চাষের লক্ষ্যে ভূমি ও পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণার্থে দিক-নির্দেশনা প্রদান;

(গ) উপকূলীয় অঞ্চলে পানি উন্নয়ন বোর্ডের বন্যা নিয়ন্ত্রণ বাঁধের অন্তর্ভুক্ত এলাকায় পরিবেশসম্মত উপায়ে চিংড়ি ও মৎস্য চাষের উন্নয়ন ও প্রসারে দিক-নির্দেশনা প্রদান;

(ঘ) মৎস্য ও চিংড়ি সম্পদ উন্নয়ন ও প্রসারে সহায়ক অবকাঠামোগত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(ঙ) মৎস্য ও চিংড়ি চাষ উপযোগী জলমহাল/জলাশয়সমূহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর ও ব্যবস্থাপনার দায়িত্ব অর্পণ বিষয়ক দিক-নির্দেশনা প্রদান;

(চ) মৎস্য ও চিংড়ি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের সঙ্গে অন্যান্য প্রাসঙ্গিক জাতীয়/আন্তর্জাতিক বিষয়াবলি বিবেচনা।

৩। কমিটি তাদের কার্যপরিধিভুক্ত কোন বিষয়ে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংশ্লিষ্ট থাকলে সে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/সচিব/সংস্থা প্রধানকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

৪। কমিটির নিকট কোন বিষয়ে বিশেষজ্ঞ মতামতের প্রয়োজন অনুভূত হলে কমিটি সরকারি/ বেসরকারি পর্যায়ে বিশেষজ্ঞগণকে সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাতে পারবে।

৫। জাতীয় কমিটি বৎসরে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হবে।

৬। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(খ) **মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটির নির্বাহী কমিটি**

১। **নির্বাহী কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (১১) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক-এর প্রতিনিধি (জিএম পদমর্যাদার নীচে নয়) | সদস্য |
| (১৩) | বিভাগীয় কমিশনার (সকল) | সদস্য |
| (১৪) | মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা | সদস্য |
| (১৫) | মহাপরিচালক, হাওড় উন্নয়ন বোর্ড, ঢাকা | সদস্য |
| (১৬) | নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা | সদস্য |
| (১৭) | চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা | সদস্য |
| (১৮) | মহাপরিচালক, মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | সদস্য |
| (১৯) | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| (২০) | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা | সদস্য |
| (২১) | ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), ঢাকা | সদস্য |
| (২২) | সভাপতি, হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতি, বিজয়নগর, ঢাকা | সদস্য |
| (২৩) | প্রেসিডেন্ট, বাংলাদেশ ফিস এন্ড শ্রিম্প ফাউন্ডেশন, গুলশান, ঢাকা | সদস্য |
| (২৪) | সভাপতি, জাতীয় চিংড়ি চাষি সমিতি, সাতক্ষীরা | সদস্য |
| (২৫) | সভাপতি, মেরিন ফিশারিজ এসোসিয়েশন, ঢাকা | সদস্য |
| (২৬) | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা | সদস্য-সচিব |

২। **নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

(ক) জাতীয় কমিটির জন্য এজেন্ডা প্রণয়ন;

(খ) মৎস্য ও চিংড়ি সম্পদ সংক্রান্ত উদ্ভূত সমস্যা নিরসনে সুপারিশ প্রণয়ন;

(গ) মৎস্য ও চিংড়ি চাষ সংক্রান্ত ভূমি ও পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণার্থে প্রয়োজনে ভূমি ব্যবহার, পানি সম্পদ ব্যবস্থাপনা, চিংড়ি চাষ ইত্যাদি নীতিমালা প্রণয়ন;

(ঘ) উপকূলীয় অঞ্চলের পোল্ডারভুক্ত জমিতে পানি উন্নয়ন বোর্ড (পাউবো)-এর অবকাঠামোগত সুবিধাদি (বাঁধ, স্লুইস গেট/রেগুলেটর) ইত্যাদি ক্ষতিগ্রস্ত না করে পরিমিত উপায়ে লবণ পানি প্রবেশ ও নির্গমন নিশ্চিত করে মৎস্য ও চিংড়ি চাষের প্রতিবন্ধকতা দূরীকরণ;

(ঙ) মৎস্য ও চিংড়ি চাষীগণকে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদানের ব্যবস্থা করাসহ আকস্মিক বিপর্যয় থেকে রক্ষাকল্পে বীমা সুবিধা প্রাপ্তির ব্যবস্থা করার জন্য সুপারিশ প্রণয়ন;

(চ) মৎস্য ও চিংড়ি চাষ, উৎপাদন, প্রক্রিয়াকরণ, মাননিয়ন্ত্রণ, জাহাজীকরণ, বাজারজাতকরণ, রপ্তানিকরণ ইত্যাদি বিষয় পর্যালোচনা, সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও প্রতিকারের ব্যবস্থাকরণ;

(ছ) জাতীয় রপ্তানিতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় রপ্তানি-ভর্তুকির একটি অংশ উৎপাদক (চাষি) পর্যায়ে বিতরণের নীতিমালা প্রণয়ন;

(জ) মৎস্য ও চিংড়ি চাষ এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও অবকাঠামোগত উন্নয়নের জন্য সুপারিশমালা প্রণয়ন ও মাঠ পর্যায়ে তা বাস্তবায়নের ব্যবস্থাকরণ;

(ঝ) জাতীয় কমিটি কর্তৃক অনুমোদিত সুপারিশমালা বাস্তবায়নসহ মৎস্য ও চিংড়ি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৩। কমিটি তাদের কার্যপরিধিভুক্ত কোন বিষয়ে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংশ্লিষ্ট থাকলে সে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/সচিব/সংস্থা প্রধানকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

৪। কমিটির নিকট কোন বিষয়ে বিশেষজ্ঞ মতামতের প্রয়োজন অনুভূত হলে কমিটি সরকারি/বেসরকারি পর্যায়ে বিশেষজ্ঞগণকে সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাতে পারবে।

৫। নির্বাহী কমিটি প্রতি চার মাস অন্তর বৈঠকে মিলিত হবে এবং এছাড়া প্রয়োজনে যে কোন সময় বৈঠকে মিলিত হতে পারবে।

৬। মৎস্য অধিদপ্তর এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৭। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd